



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
আইইবি ভবন, রমনা, ঢাকা - ১০০০।
সিস্টেমস এন্ড সার্ভিসেস বিভাগ

স্মারক নম্বর: ১৪.৩২.০০০০.৬০০.৫৫.০০১.১৯.৫১৬

তারিখ: ২৩ আষাঢ় ১৪২৮

০৭ জুলাই ২০২১

বিষয়: সারাদেশে প্রান্তিক পর্যায়ে সকল ইউনিয়নে ব্রডব্যান্ড ইন্টারনেট এর 'একদেশ এক রেট' ট্যারিফ প্রণয়ন সংক্রান্ত।

- সূত্র: ১। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের স্মারক নং-৫৬.০০.০০০.০.০২২.১৪.২৪৮.২১.১৭২, তারিখঃ ০৪/০৪/২০২১ খ্রিঃ;
- ২। কমিশনের স্মারক নং- ১৪.৩২.০০০০.৬০০.৫৫.০০১.১৯.৪১৫; তারিখঃ ২০/০৫/২০২১ খ্রিঃ;
- ৩। ডাক ও টেলিযোগাযোগ বিভাগের স্মারক নং- ১৪.০০.০০০০.০১০.৩১.০০১.২০.১২৫৬; তারিখঃ ২৭ মে, ২০২১ খ্রিঃ;
- ৪। কমিশনের স্মারক নং- ১৪.৩২.০০০০.৬০০.৫৫.০০১.১৯.৪৪৭; তারিখঃ ১৬ জুন ২০২১খ্রিঃ;
- ৫। ডাক ও টেলিযোগাযোগ বিভাগের স্মারক নং-১৪.০০.০০০০.০১০.৩১.০০১.২০.১৩২১; তারিখঃ ২২ জুন ২০২১খ্রিঃ;

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সারাদেশে ইউনিয়ন পর্যায়ে ব্রডব্যান্ড ইন্টারনেট সেবা প্রদানের মাধ্যমে ডিজিটাল বাংলাদেশ গঠনে প্রান্তিক জনগোষ্ঠী সম্পৃক্ততা নিশ্চিতকরণ এবং ডিজিটাল বিভক্তি দূরীকরণের জন্য ইন্টারনেট ব্যান্ডউইথের এর মূল্য নির্ধারণে বিটিআরসি বিভিন্ন স্টেক-হোল্ডারের সহিত আলোচনা করে 'একদেশ, একরেট' বিবেচনায় ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অনুমোদনের জন্য প্রস্তাবনা প্রেরণ করে। তৎপ্রেক্ষিতে এ বিষয়ে সদয় অনুমোদন প্রদান করা হলে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয়ের উপস্থিতিতে নিম্নোক্ত ছক মোতাবেক সারা দেশের জন্য 'একদেশ, একরেট' ট্যারিফটি উদ্বোধন ঘোষণা করা হয়।

০২।এমতাবস্থায়, নিম্ন ছকে উল্লিখিত অনুমোদিত ট্যারিফটি সদয় অবগতি ও পরবর্তী কার্যার্থে নির্দেশক্রমে প্রেরণ করা হলোঃ

ট্যারিফঃ

ক্রঃ নং	ইন্টারনেট ব্যান্ডউইথ প্যাকেজ(শেয়ারড ব্যান্ডউইথ)	সারাদেশে ইউনিয়ন পর্যায়ে মূল্য(মাসিক ভিত্তিতে)
১	৫Mbps	৫০০ টাকা (সর্বোচ্চ)
২	১০ Mbps	৮০০ টাকা(সর্বোচ্চ)
৩	২০ Mbps	১২০০ টাকা(সর্বোচ্চ)

বিঃদ্রঃশেয়ারড ব্যান্ডউইথ (সর্বোচ্চ কন্টেনশন রেশিও- ১:৮)

শর্তাবলীঃ

১) বিটিআরসি'র লাইসেন্সধারী সকল ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার (আইএসপি) প্রতিষ্ঠান সরকার কর্তৃক নির্ধারিত সেবার

ক্ষেত্রে উল্লেখিত ট্যারিফটি বাস্তবায়ন করতে বাধ্য থাকবে;

- ২) আইএসপি নীতিমালার শর্ত নং- ২১ ও ২১.৫ অনুযায়ী সরকার কর্তৃক অনুমোদিত ট্যারিফের আদলে সকল লাইসেন্সধারী আইএসপি প্রতিষ্ঠানকে কমিশন হতে প্রয়োজনীয় অনুমোদন গ্রহণ করতে হবে;
- ৩) আইএসপি কর্তৃক কমিশন হতে অনুমোদিত ট্যারিফ চার্ট নিজস্ব ওয়েব সাইটে প্রকাশ করতে হবে;
- ৪) কমিশনের অনুমোদিত সেবা বা ট্যারিফ - এ কোন প্রকার পরিবর্তন বা সংযোজন গ্রহণযোগ্য নয়;
- ৫) উল্লেখিত ট্যারিফের বাহিরে অনুমোদন ব্যতীত কোন সেবা/প্রোডাক্ট পরিচালনা করলে বাংলাদেশটেলিযোগাযোগ আইন অনুযায়ী উক্ত প্রতিষ্ঠানের বিরুদ্ধে কমিশন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে;
- ৬) গ্রাহক অভিযোগ দ্রুততার সাথে সমাধান করতে হবে, গ্রাহক কর্তৃক কোন অভিযোগ প্রাপ্ত হলে বিটিআরসি প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে;
- ৭) গ্রাহক সেবা নিশ্চিত করতে সার্ভিস লেভেল এগ্রিমেন্ট নিশ্চিত করতঃ প্রতিটি সেবার মান বজায় রাখতে হবে;
- ৮) গ্রাহক অভিযোগ ও অভিযোগ সমাধানের তথ্য কমপক্ষে ছয় (৬) মাসের জন্য সংরক্ষণ করতে হবে;
- ৯) উল্লেখিত শর্তাবলী পত্রজারি তারিখ হইতে কার্যকর করতে হবে।



৭-৭-২০২১

ব্রিঃ জেঃ মোঃ নাসিম পারভেজ
মহাপরিচালক

বিতরণ :

- ১) সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ২) সভাপতি, আইএসপিএবি, বাড়ী-০২, (লেভেল-৪) রোড
নং-২৮, ব্লক- কে, বনানী, ঢাকা-১২১৩
- ৩) সেক্রেটারি জেনারেল, আইআইজিএবি
- ৪) চেয়ারম্যান/ ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী
কর্মকর্তা, NTTN অপারেটর (সকল)
- ৫) চেয়ারম্যান/ ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী
কর্মকর্তা, সকল IIG অপারেটর।
- ৬) ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা/
স্বত্বাধিকারী, আইএসপি অপারেটর (সকল)
- ৭) চেয়ারম্যান/ ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী
কর্মকর্তা, সকল ILDC (ITC ও BSCCL)
অপারেটর।

স্মারক নম্বর: ১৪.৩২.০০০০.৬০০.৫৫.০০১.১৯.৫১৬/১(১৩)

তারিখ: ২৩ আষাঢ়. ১৪২৮
০৭ জুলাই ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
- ২) একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
- ৩) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব/ভাইস-চেয়ারম্যান ও কমিশনার মহোদয়গণের ব্যক্তিগত কর্মকর্তাবৃন্দ,
বিটিআরসি (ইহা মহোদয়গণের সদয় অবগতির জন্য)
- ৪) মহাপরিচালক (সকল), বিটিআরসি।



৭-৭-২০২১

মোঃ নাহিদুল হাসান

উপ-পরিচালক